# 2020
# BENGALI
## [GENERAL]
## Paper : IV

Full Marks : 100 Time : 3 Hours

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। পরিভাষা নির্ণয় করো (যে-কোনো **ছয়টি**) : ১×৬=৬

ক) Inflation

খ) Status Quo

গ) Mass communication

ঘ) Faculty of Arts

ঙ) Hearing

চ) Inflation Abduction

ছ) Limerick

জ) Manuscripts

২। যে-কোনো **এগারোটি** প্রশ্নের উত্তর দাও ঃ ২×১১=২২

ক) 'পরিভাষা'র সংজ্ঞা দাও।

খ) রোমীয় বর্ণমালায় লিপান্তর করো ঃ

'শরৎচন্দ্র' 'বঙ্কিমচন্দ্র'

[ পরের পাতায় ]

গ) অনুবাদ-ক্রমের প্রয়োজনীয়তা কী?

ঘ) পরিভাষা লেখো ঃ

Draft ও Casual

ঙ) পরিভাষার উপযোগিতা বিষয়ে দুটি কারণ উল্লেখ করো।

চ) সাক্ষাৎকারের দুটি উদ্দেশ্য কী?

ছ) প্রুফ-সংশোধনের দুটি বৈশিষ্ট্য কী কী?

জ) 'স্যুভেনির' এবং 'শূন্যপদ' কোন্ দুটি ইংরেজি শব্দের পরিভাষা?

ঝ) কোভিড-১৯ প্রচারের জন্য একটি উপযুক্ত শ্লোগান তৈরি করো।

ঞ) মহকুমা শাসকের উদ্দেশ্যে লেখা আবেদন পত্রের সম্ভাষণ অংশটি লেখো।

ট) দুটি হরফ জুড়তে গেলে প্রুফ সংশোধনে কী জাতীয় চিহ্ন ব্যবহার করতে হবে?

ঠ) বাংলায় অনুবাদ করো ঃ

The Cholas made great contribution to art and architecture. The Cholas are also best known for their mental images and stone sculptures.

ড) বাংলায় অনুবাদ করো ঃ

Mirabai was the wife of the crown prince of Mewar. She was a disciple of Rabidas.

ঢ) বাংলায় অনুবাদ করো ঃ

Civil Rights Movement was a movement that began in USA in 1950s in which African-American people demanded equal rights and an end to racial discrimination.

৩। যে-কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৬×৭=৪২

ক) ‘কোভিড-১৯’-এর বিরুদ্ধে লড়াই করার জন্য কীভাবে জনগণের আগ্রহ বৃদ্ধি করা যেতে পারে সে বিষয়ে তোমার মতামত ব্যক্ত করো।

খ) সামাজিক দূরত্ব বজায় রেখে কীভাবে পঠন-পাঠন চালু রাখা যায় সে বিষয়ে একটি প্রতিবেদন প্রস্তুত করো।

গ) তোমার অঞ্চলে ঘটে চলা ক্রমবর্ধমান অসহিষ্ণুতা প্রতিরোধকল্পে স্থানীয় পুলিশ প্রশাসনের কাছে একটি আবেদনপত্র লেখো।

ঘ) সাম্প্রতিককালে ভারতবর্ষের সীমানায় সন্ত্রাসমূলক কার্যকলাপ সম্পর্কে একটি সংক্ষিপ্ত প্রতিবেদন রচনা করো।

ঙ) ‘মাস্ক ব্যবহার’-এর সপক্ষে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি বিজ্ঞাপন প্রস্তুত করো।

চ) পরিবেশ রক্ষার সপক্ষে তোমার অভিমত জানিয়ে সংবাদপত্রের জন্য একটি প্রতিবেদন রচনা করো।

ছ) সাহিত্যিক দেবেশ রায়ের প্রয়াণের কিছুকাল আগে গৃহীত সমাজ-সংস্কৃতি সম্পর্কে তাঁর একটি সাক্ষাৎকার প্রস্তুত করো।



[ পরের পাতায় ]

জ) ইংরেজি থেকে বাংলায় অনুবাদ করো ঃ

Guru Nanak was a great Bhakti saint. He was born at Talwandi (presently in Pakistan) in AD 1469. In AD 1496, he preached the message of oneness of God. He said, 'There is no Hindu; there is no Muslim' implying the unity of all religions. He undertook extensive pilgrimages to many holy places in India and gave discourses to his devotees en-route. He died on September 22, 1539 AD. During his lifetime he did not consider himself as a founder of any religion or a prophet (avatar).

ঝ) ইংরেজি থেকে বাংলায় অনুবাদ করো ঃ

Schools are the temples of learning. Children gather here to gain knowledge and develop various skills. They learn many social behaviours like discipline, team spirit, co-operation, rules and regulations in the schools. Though many rules and regulations are same for boys and girls, but some rules are different also. In addition, textbooks often represent the gender biased ideology present in the society.

৪। **তিনটি** বর্গ থেকে **একটি** করে প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

ক) প্রবন্ধ রচনা করো (যে-কোন **একটি**) :

অ) অতিমারীর কবলে বিশ্ব

আ) সাম্প্রতিক একজন সাহিত্যিকের মৃত্যু

ই) রাজনৈতিক অস্থিরতা ও দৈনন্দিন জীবনযাত্রা

ঈ) দুর্যোগে বাংলা ও আমরা

খ) রোমীয় বর্ণমালায় নিম্নলিখিত অনুচ্ছেদের লিপ্যন্তর করো :

ডেকের উপর বিছানা করে যখন শুলুম তখন বাতাসে এবং জলে বেশ একটা কবির লড়াই চলছে; একদিকে সোঁ সোঁ শব্দে তান লাগিয়েছে, আর-একদিকে ছলছল শব্দে জবাব দিচ্ছে, কিন্তু ঝড়ের পালা বলে মনে হল না। আকাশের তারাদের সঙ্গে চোখাচোখি করে কখন একসময়ে চোখ বুজে এল। জেগে উঠে দেখি, আকাশ এবং জল তখন উন্মত্ত হয়ে উঠেছে। সমুদ্র চামুণ্ডার মতো ফেনার জিব মেলে প্রচন্ড অট্টহাস্যে নৃত্য করছে।

**অথবা**

ইংরিজি গীতাঞ্জলি পাঠ করিয়া একজন ইংরেজ আকাশ-পাতাল ভাবিয়া অস্থির, যে এই লেখাগুলিকে তিনি কোন্ পর্যায়ভুক্ত করিয়া কিভাবে দেখিবেন। পরে যখন তাঁহার খেয়াল হইল যে এগুলিকে মিস্টিক আইডিয়ালিজম বা ঐরূপ একটা কিছু বলা যাইতে পারে তখন তাঁহার সমস্ত উৎকণ্ঠা দূর হইল এবং তিনি এমন একটা নিশ্চিন্ততার ভাব প্রকাশ করিলেন যেন তাঁহার আর কিছু বুঝিতে বাকি নাই।



*[ পরের পাতায় ]*

গ) প্রুফ সংশোধন করো (যে-কোনো **একটি**) :

**মুল কপি**

হরিদ্বার থেকে লছমনঝোলা হয়ে প্রথম চারদিন হাঁটবার পর যে ছোটো পাহাড়ি শহর পাওয়া যায়, তার নাম ‘দেবপ্রয়াগ’। দেবপ্রয়াগ থেকে চব্বিশ মাইল পথ গিয়ে রুদ্রপ্রয়াগ। রুদ্রপ্রয়াগে পথটা দু’ভাগে বিভক্ত হয়েছে। একটা পথ গেছে সোজা কেদারনাথ-পাহাড়ের দিকে, অন্য পথটা গেছে কর্ণপ্রয়াগ ও চামেলী হয়ে সোজা বদ্রীনাথের দিকে।

**প্রুফ কপি**

হরিদ্বআর থেকে লছমনঝোলা হয়ে প্রথম রচদিন হাঁটবার পর ছোটো পাহাড়ি শহর পাওয়া যায়, তার নাম ‘দেবপ্রয়াগ’। দেবপ্রয়াগ থেকে চব্বিশ মাইল গিয়ে পথ রুদ্রপ্রয়াগ। রুদ্রপ্রয়াগে তার নাম ‘দেবপ্রয়াগ’ পথটাভাগে বিভক্ত হয়েছে। একটা পথ গেছে সোজা কেদারনাথ-পাহাড়ের দিকে, অন্য পথটা গেছে কর্ণপ্রয়াগ ও চামেলী হয়ে সোজা বদ্রীনাথের দিকে।

**অথবা**

**মূল কপি**

হে বঙ্গ, ভান্ডারে তব বিবিধ রতন;  
তা’ সবে, অবোধ আমি! অবহেলা করি,  
পর-ধন-লোভে মত্ত, করিনু ভ্রমণ,  
পরদেশে, ভিক্ষাবৃত্তি কুক্ষণে আচরি।  
কাটাইনু বহুদিন সুখ পরিহরি।

অনিদ্রায়, নিরাহারে সঁপি কায়, মনঃ
মজিনু বিফল তপে অবরেণ্যে বরি;--
কেলিনু শৈবালে; ভুলি কমল-কানন!

**প্রুফ কপি**

হে বঙ্গ, ভান্ডারে তব বিবিধ রতন
তা' সবে, অবধ আমি! অবহেলা করি,
পর-ধন-লোভে মত্ত, করিনু ভ্রমণ,
পরদেশে, ভিক্ষাত্তি কুক্ষণে আচরি।
কাটাইনু বদিন সুখ পরি
হরি। অনিদ্রায়, নিরাহারে সঁপি কায়,
মজিনু ব তপে অবরেণ্যে বরি;--
কেলিনু ভুলি শৈবাল কমল-কানন!

___________